



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

23 February 2026

7:35 AM IST

গুয়াহাটীৰ লোকপ্ৰিয় গোপীনাথ বৰদলৈ আৰ্ত্তজাতিক বিমান বন্দৰেৰ নতুন টাৰ্মিনাল ভবনে গতকাল থেকে যাত্ৰী পৰিষেবা শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শৰ্মা টাৰ্মিনাল ভবনে প্ৰথমবাৰেৰ মতো যাত্ৰা কৰা যাত্ৰীদেৰ অভিনন্দন জানিয়েছেন। টাৰ্মিনাল ভবনটি প্ৰায় একশ ৪০ মেট্ৰিক টন বাশ ব্যবহার করে নিৰ্মান কৰা হয়েছে।

এদিকে আসামেৰ অমূল্য সম্পদ বৃন্দাবনী বঙ্গ গুয়াহাটীতে নিয়ে আসাৰ জন্য সাংস্কৃতিক সংগ্ৰহালয়েৰ সূচনা কৰে মুখ্যমন্ত্রী জানান যে

---বাইট ---

ৰাজ্যেৰ স্বাস্থ্যমন্ত্রী অশোক সিংহল স্বাস্থ্য পৰিষেবা ক্ষেত্ৰেৰ উন্নয়নেৰ জন্য গতকাল আৰো ৮২ টি নতুন ১০৮ মৃত্যুঞ্জয় এম্বুলেন্স সেবাৰ সূচনা কৰেন। গৌহাটী মেডিকেল কলেজ ও হাসপাতালেৰ প্ৰেক্ষাগৃহে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে স্বাস্থ্যমন্ত্রী শ্ৰী সিংহল বলেন যে

গত ১০ বছরে সড়ক পরিকাঠামো উন্নত হবার ফলে এম্বুলেন্স পরিষেবা কম সময়ে লাভ করার সুযোগ হচ্ছে । সম্প্রতি এম্বুল্যান্স পরিষেবা ১৪ মিনিটের মধ্যে প্রদান করা হচ্ছে এবং এই সময় ১০ মিনিটে হাস্য করার চেষ্টা করা হচ্ছে বলে স্বাস্থ্যমন্ত্রী উল্লেখ করেন । এপর্যন্ত কম করেও ৭১ লক্ষ লোককে ১০৮ এম্বুলেন্স সেবা প্রদান করা হয়েছে বলেও স্বাস্থ্যমন্ত্রী শ্রী সিংহল জানান ।

আসাম প্রদেশ কংগ্রেস কমিটির প্রাক্তন সভাপতি ভূপেন বরা গতকাল গুয়াহাটীতে আনুষ্ঠানিকভাবে বিজেপিতে যোগদান করেন । এ অনুষ্ঠানে রাজ্যের মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ও রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকিয়াও উপস্থিত ছিলেন ।

তিন দশকেরও অধিক সময় ধরে ভারতীয় জাতীয় কংগ্রেসের সঙ্গে জড়িত থাকা আসামের প্রবীণ রাজনৈতিক নেতা ভূপেন বরা সম্প্রতি কংগ্রেস দল ত্যাগ করেছিলেন ।

হাইলাকান্দি জেলা পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে বাওয়ার ঘাট প্রথম খন্ড থেকে প্রায় পাঁচ কোটি টাকার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । অভিযানে পুলিশ মোট ১২টি প্যাকেট থেকে এক লক্ষ ২১ হাজার ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দুজন ব্যক্তিকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

শ্রীভূমির জেলা ম্যাজিস্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে জেলার ভারত-বাংলাদেশের সীমান্ত এলাকায় কিছু নিষেধাজ্ঞা জারী করা হয়েছে। নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে জেলার আইন-শৃংখলাজনিত পরিস্থিতির অবনতির আশংকায় সীমান্ত এলাকার পাঁচশ মিটার ব্যাসার্ধের মধ্যে কোন ব্যক্তি সূর্যাস্ত থেকে সূর্যদয় পর্যন্ত চলাফেরা করতে পারবে না। এছাড়া সুরমা নদীতে মাছ ধরার ক্ষেত্রে পাথারকান্দির চক্র আধিকারিক থেকে আগাম অনুমতি নিতে হবে এবং সূর্যাস্ত থেকে সূর্যদয় পর্যন্ত ভারত-বাংলাদেশ সীমান্তের পাঁচ কিলোমিটার বেষ্টিত মধ্য কোণ গাড়ি, ঠেলা, রিক্সা করে চাল, চিনি, লবন, আটা, ভোজ্য তেল নিয়ে বহন করা যাবে না। তবে কেন্দ্র ও রাজ্য সরকারের কর্মচারীদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না। জনগনের স্বার্থে এই নির্দেশ তাৎক্ষণিক বলবৎ করা হয়েছে এবং পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তা বহাল থাকবে।

অসম প্রিমিয়ার ক্লাব কাপ ক্রিকেট প্রতিযোগিতার মূল পর্বে হাইলাকান্দির ব্লাড মাউথ ক্লাব যোগ্যতা অর্জন করেছে। গতকাল হাইলাকান্দির নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগিতার জোনাল পর্যায়ের শেষ খেলায় ব্লাড মাউথ ক্লাব ২২৫ রানে শ্রীভূমি জেলার ইয়ুথ স্কোয়ার ক্লাবকে পরাজিত করে। ব্লাড মাউথ ক্লাব নির্ধারিত ৫০ ওভারে সাত উইকেট হারিয়ে ৪০০ রান সংগ্রহ করে। দলের হয়ে বরুনজ্যোতি মালাকার ৫৬ বলে ১১০ রান করেন। জবাবে ব্যাট করতে নেমে ইয়ুথ স্কোয়ার ক্লাব ৩১ ওভারে সব কটি উইকেট হারিয়ে কেবলমাত্র ১৭৫ রান করতে সক্ষম হয়।
